# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮১৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৪. মুস্তাহাযাহ (রক্ত প্রদরের রোগিণী)-এর গোসল সম্পর্কে

## بَابٌ فِي غُسْلِ الْمُسْتَحَاضَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا مُعْتَمِرٌ عَنْ أَبِيهِ قَالَ قُلْتُ لِقَتَادَةَ امْرَأَةٌ كَانَ حَيْضُهَا مَعْلُومًا فَزَادَتْ عَلَيْهِ خَمْسَةَ أَيَّامٍ أَوْ أَرْبَعَةَ أَيَّامٍ أَوْ ثَلَاثَةَ أَيَّامٍ قَالَ تُصَلِّي قُلْتُ يَوْمَيْنِ قَالَ ذَاكَ مِنْ حَيْضِهَا وَسَأَلْتُ ابْنَ سِيرِينَ قَالَ النِّسَاءُ أَعْلَمُ بِذَلِكَ

إسناده صحيح

বাংলা

৮১৮. মু'তামির তার পিতা হতে বর্ণনা করেছেন। তার পিতা বলেন, আমি কাতাদা রাহি. কে বললাম, যে মহিলা তার হায়েযের দিনগুলি নির্দিষ্ট ছিলে; কিন্তু তার (নির্ধারিত সময়ের) চেয়েও পাঁচ দিন কিংবা চারদিন কিংবা তিনদিন অতিরিক্ত (রক্ত) প্রবাহিত হলো। (তাহলে সে কি এ দিনগুলিতে সালাত আদায় করবে)? তিনি জবাবে বললেন: সে সালাত আদায় করবে। আমি বললাম, যদি দুই দিন অতিরিক্ত হয়? তিনি বললেন, তবে সে দু'দিন তার হায়েযের দিনগুলির অন্তর্ভুক্ত হবে। আর আমি এ বিষয়ে ইবনু সীরীন রাহি. কে জিজ্ঞেস করলে তিনি বলেন: 'এ ব্যাপারে মহিলারাই ভালো জানে।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: দেখুন, ইবনু আবী শাইবা ২/৫৩৮; সুনানে আবু দাউদ ২৮৬ নং হাদীসের পরবর্তী ব্যাখ্যা; এবং আল মুহাল্লা ২/২০৩; ও আত তামহীদ ১৬/৭৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'তামির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76195

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন